দৈনিক বাংলা

তারিখ ... ৩।১০।৭৪ ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

086

# শিক্ষার নামে প্রহসন

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

মাইজদীকোর্ট ১লা অক্টোবর।— ছ'মাস ধরে ভাতা দেয়া হয়েছে। প্রশিক্ষণ দেয়া হয়েছে। তারপর সব বন্ধ। ৪২ জন তরুনের জীবন হয়ে পড়েছে অনিশ্চিত।

প্রকাশ, নোয়াখালীর সিভিল সার্জন ৪২ জন তরুনকে কম্পাউন্ডারশীপ শিক্ষা দেয়ার জন্য ভর্তি করেছিলেন গত বছর ডিসেম্বর মাসে। চলতি বছর এপ্রিল মাস পর্যন্ত এদের যথারীতি শিক্ষা দেয়া হয়েছে এবং মাসিক ৮০ টাকা করে ভাতাও দেয়া হয়েছে। কিন্তু জুন মাস থেকে সবই বন্ধ করে দেয়া হয়েছে।

এ ব্যাপারে ছাত্র ও অভিভাবক মহল উর্ধতন কতৃপক্ষের সাথে যোগাযোগ করেছিলেন। কিন্তু উর্ধতন কর্তৃপক্ষ এ সম্পর্কে কিছুই জানে না বলে জানিয়েছেন। জানিয়েছেন এটা সিভিল সার্জনের ব্যক্তিগত ব্যাপার।

সিভিল সার্জন আর স্বাস্থ্য পরিদফতরের টানাপড়েনে পড়ে ৪২টি তরুনের সম্ভাবনাময় ভবিষ্যত অন্ধকার হয়ে পড়েছে।